

টরন্টো জন স্বাস্থ্য বিভাগ

কনট্যাক্ট ট্রেসিং‌র নিয়মে সাময়িক পরিবর্তন

টরন্টোয় কোভিড-19 আক্রান্তের সংখ্যা অনেক বেড়ে যাওয়ার ফলে আমাদের কনট্যাক্ট ট্রেসিং করার নিয়মে সাময়িক পরিবর্তন এনেছে টরন্টো জন স্বাস্থ্য বিভাগ (TPH)। আমরা সর্বোচ্চ ঝুঁকি থাকা পরিস্থিতিগুলো নিয়ে কাজ করার উপর গুরুত্ব দিচ্ছি। অর্থাৎ সেইসব লোকের জন্য বেশি করে কাজ করছি যাঁদের কোভিড-19 হয়েছে এবং যাঁদের মধ্যে এই সংক্রমণের ঝুঁকি সবচেয়ে বেশি।

TPH আপাতত সেইসব লোকেদের কনট্যাক্ট করবে, যাঁদের কোভিড-19 ধরা পড়েছে:

- তাঁদের পজিটিভ কোভিড-19 ল্যাব টেস্ট রেজাল্ট নিশ্চিত করবে।
- তাঁদের উপসর্গ মূল্যায়ন করে দেখবে এবং কবে থেকে শুরু হয়েছে তা শনাক্ত করবে।
- তাঁরা সুরক্ষিত ভাবে স্বেচ্ছা নিভৃতবাসে থাকতে পারবেন কি না তা নিশ্চিত করবে বা তাঁদের টরন্টো ভলান্টারি আইসোলেশন সেন্টারে যেতে বলবে।
- তাঁরা উচ্চ-ঝুঁকির সংস্পর্শে এলে কীভাবে তা জানাবেন সে সংক্রান্ত নির্দেশিকা দেবে।

যাঁদের কোভিড-19 হয়েছে তাঁদের TPH জিজ্ঞাসা করে জানতে চাইছে যে তাঁদের উপসর্গ দেখা দেওয়া শুরু হওয়ার আগে তাঁরা কত জন লোকের নিকট সংস্পর্শে এসেছেন। কারও নিকট সংস্পর্শে আসা মানে তাঁরা নিজের বাড়ির লোক ছাড়া আর কোন লোকের সঙ্গে কোনও ঘরোয়া সামাজিক অনুষ্ঠানে বা অন্যর পরিসরে হওয়া জন সমাবেশে 15 মিনিটের বেশি সময় কাটিয়েছেন। এই তথ্য পেলে TPH কনট্যাক্ট ম্যানেজমেন্ট ও ফলো আপের সাহায্যে সেইসব লোকেদের শনাক্ত করতে পারবে যাঁরা 10 বা তার বেশি উচ্চ ঝুঁকি থাকা লোকের সংস্পর্শে এসেছেন। আমাদের শহরে কোভিড-19 ছড়ানোর হার কমানোর জন্য TPH অনলাইন সমীক্ষা চালিয়ে এই তথ্য সংগ্রহ করবে যে মানুষ কীভাবে সংক্রামিত হচ্ছে। হাসপাতাল, দীর্ঘমেয়াদি শুষ্কতা আবাস, অবসর প্রাপ্তদের আবাস, আশ্রয় স্থল, বিদ্যালয় ও শিশু সেবা কেন্দ্রে প্রাদুর্ভাব দেখা দিয়েছে কি না অনুসন্ধান করে দেখবে এবং হলে তার মোকাবিলা করবে TPH।

টরন্টোয় যখন কোভিড-19 আক্রান্তের সংখ্যা সামলাতে পারার মতো অবস্থায় ফিরবে, তখন TPH ফের কনট্যাক্ট ট্রেসিং সংক্রান্ত তাদের স্বাভাবিক প্রক্রিয়া শুরু করবে।

19 নভেম্বর, 2020